

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০০১. ২০১৫-৩৬৮

তারিখঃ ০৪/০২/১৬

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ক্রিমিনাল মিস্‌সিলিনিয়াস কেস নং-৫০৪৯৫/২০১৪ মামলার প্রেক্ষিতে ২০১০ সাল পর্যন্ত হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্যাদি অনলাইনভুক্তকরণের জন্য মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নে সময় বৃদ্ধির আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের গত ০২-০২-২০১৬খ্রিঃ তারিখের ৩১ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ক্রিমিনাল মিস্‌সিলিনিয়াস কেস নং-৫০৪৯৫/২০১৪নং মামলায় সারাদেশের জন্ম নিবন্ধন রেজিস্ট্রারের যাবতীয় অসঙ্গতি দূর করে যথাযথভাবে তা রক্ষণাবেক্ষণ এবং এতদবিষয়ে একটি প্রতিবেদন বিজ্ঞ আদালতে উপস্থাপনের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে নির্দেশ প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক সারাদেশের জন্ম নিবন্ধন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের কপি প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প বরাবরে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকে উল্লেখ করা হয়েছে বিগত ২০১০ সালের অক্টোবর মাস থেকে অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম শুরু করে ২০১২ সালের মধ্যে সকল হাতে লেখা জন্ম তথ্য অনলাইনভুক্তির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। স্থানীয় সরকার বিভাগ সর্বশেষ ২১-১০-২০১৪ তারিখের ৭৯০নং স্মারকমূলে ৩০-১২-২০১৪ তারিখের মধ্যে হাতে লেখা সকল জন্ম তথ্য অনলাইনভুক্তির নির্দেশ প্রদান করে। এ প্রেক্ষিতে সকল রেজিস্ট্রেশন অফিসের দেয়া উপাত্তমতে ৩০ জুন, ২০১৫ পর্যন্ত মোট হাতে লেখা ৭৫,৯১,২৬৬টি এন্ট্রি বিভিন্ন কারণে অনলাইনভুক্তি করণ সম্ভব হয়নি। আরও উল্লেখ করা হয়েছে গত ৩১-০১-২০১৬ তারিখ সকাল ৯.১৬ ঘটিকা পর্যন্ত অনলাইনে প্রায় ১৪ কোটি ১৭ লক্ষ ৯৭২টি জন্ম তথ্য এন্ট্রি নিবন্ধিত হয়েছে এবং প্রতিদিন গড়ে প্রায় ৪৫০০০ জন্ম নিবন্ধন অনলাইনে এন্ট্রি হচ্ছে। এ প্রেক্ষাপট বিবেচনায় দেশের সকল নিবন্ধক কার্যালয়ের ২০১০ সাল পর্যন্ত হাতে লেখা পেন্ডিং জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনভুক্ত করণের নিমিত্ত আগামী ৩০ জুন, ২০১৬ পর্যন্ত সময় বৃদ্ধির জন্য বিজ্ঞ আদালতে আবেদন দাখিলের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প এর প্রস্তাব মোতাবেক দেশের সকল নিবন্ধক কার্যালয়ের ২০১০ সাল পর্যন্ত হাতে লেখা পেন্ডিং জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনভুক্ত করণের নিমিত্ত মাননীয় হাইকোর্ট বিভাগ হতে আগামী ৩০ জুন, ২০১৬ পর্যন্ত সময় বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

০৪.০২.১৬
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
৯৫৪০৯৯৫

জনাব শফিক মাহমুদ (পুস্প)
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, কেন্দ্রীয় পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০;
- ০৩। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।